

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 16/12/2025

Time: 1-40 PM

DEO: KB

Desk in Charge :- SDG

Compiling :- Anindya C.

NRT : Anindya C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছি:-

বিশেষ বিশেষ খবর -

- ১/ রাজ্য ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর অঙ্গ হিসেবে খসড়া তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। #প্রাথমিকভাবে ৫৮ লক্ষেরও বেশি নাম বাদ পড়েছে।
- ২/ আজ ঐতিহাসিক বিজয় দিবস। ১৯৭১ সালের এই দিনেই বাংলাদেশ স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে। ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কম্যান্ডের সদর দফতরে এই উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- ৩/ কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোক সভায় বিকশিত ভারত - রোজগার ও আজীবিকা মিশন সুনিশ্চিতকরণ বিল, ২০২৫ পেশ করেছেন।
- ৪/ মুর্শিদাবাদের ধুলিয়ান পুরসভার কামাথপল্লীতে জল থেকে বিষক্রিয়ার ফলে ৩৬ জন অসুস্থ।
- ৫/ অনূর্ধ্ব-১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটে বাংলা আজ উত্তর প্রদেশের মুখোমুখি হবে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর অঙ্গ হিসেবে খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। প্রাথমিকভাবে খসড়া তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে ৫৮ লক্ষেরও বেশি নাম। আনম্যাপড ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে কোনও সংযোগ নেই এমন ভোটারের সংখ্যা ৩০ লক্ষ। কী কি কারণে, নাম বাদ দেওয়া হয়েছে, তার কারণও উল্লেখ করা হয়েছে খসড়া ভোটার তালিকায়। নামের পাশে মৃত, অথবা অনুপস্থিত, অথবা ডুপ্লিকেট, এমন কারণের উল্লেখ রয়েছে। এই রাজ্যেই প্রথম বাদ পড়া নামের তালিকার পাশাপাশি বাদ দেয়ার কারণ প্রকাশ করা হয়েছে। তবে এই সংক্রান্ত কোনও অসঙ্গতি চোখে পড়লে BLO-কে জানানো যাবে বলে কমিশন সূত্রে খবর। কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কেন 'অনুপস্থিত' লেখা রয়েছে, সেই প্রশ্নও তোলা যাবে। নিজের পরিবার, প্রতিবেশী বা পরিচিত কেউ যদি মারা গিয়ে থাকেন, তার পরও যদি সেই ব্যক্তির নাম ভোটার তালিকায় থাকে, সেক্ষেত্রেও অভিযোগ জানানো যাবে। খসড়া তালিকায় নিখোঁজ ভোটারের সংখ্যা ১২ লক্ষ ২০ হাজার ৩৮। মৃত ভোটারের সংখ্যা ২৪ লক্ষ ১৬ হাজার ৮৫২। স্থানান্তরিত ভোটারের সংখ্যা ১৯ লক্ষ ৮৮ হাজার ৭৬। খসড়া তালিকায় ভুয়ো ভোটারের সংখ্যা দেখানো হয়েছে ১ লক্ষ ৩৮ হাজার ৩২৮। যাদের নাম বাদ গিয়েছে তাদেরও আশ্বস্ত করেছে কমিশন।

আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন- (ভিসি- অভিনন্দন)

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪-ই ফেব্রুয়ারি।

নির্বাচনের কমিশনের অ্যাপ ও voters.eci.gov.in এই ওয়েবসাইটে পশ্চিমবঙ্গের খসড়া ভোটার তালিকা পাওয়া যাবে। কমিশনের অ্যাপ ECINET-এও প্রকাশিত খসড়া ভোটার তালিকা।

আজ ঐতিহাসিক বিজয় দিবস। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শেষে ভারতীয় সেনা ও মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সেনার বিরুদ্ধে লড়াই করে জয় লাভ করে। মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয় স্বাধীন বাংলাদেশের।

পাকিস্তানের বিরুদ্ধে সেই ঐতিহাসিক জয়ের স্মরণে প্রতিবছর এই বিজয় দিবস পালিত হয়।

বিজয় দিবস উপলক্ষে ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তর বিজয় দুর্গে সেনার তরফে আজ সকালে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিজয় স্মারকে শন্দো জ্ঞাপন করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। অনুষ্ঠানের পর সাংবাদিকদের রাজ্যপাল বলেন, এই দিনটি সারা বিশ্বের কাছে এক অনন্য নজির। বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য মুক্তিযোদ্ধা ও ভারতীয় সেনার, পাকিস্তানি সেনার বিরুদ্ধে লড়াইয়ে জয়লাভকে সম্মান জানাতে দিনটি প্রতি বছর যথাযথ মর্যাদায় পালন করা হয়।

(বাইট - রাজ্যপাল)

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিজোরামের রাজ্যপাল ভি কে সিং, সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের জি ও সি ইন সি - জেনারেল আর সি তেওয়ারি সহ বহু বিশিষ্ট ব্যক্তি। এক সাংবাদিক বৈঠকে জেনারেল ভি কে সিং শহীদদের স্মরণ করে বলেন আজকের দিনে পাকিস্তানি সেনার বিরুদ্ধে সশস্ত্র বাহিনীর অভূতপূর্ব বিজয় হয়েছিল।

(Byte- V K singh)

এবছর বাংলাদেশ থেকে ২০ জনের এক প্রতিনিধি দল অনুষ্ঠানের যোগ দেন। এরমধ্যে ৮ জন মুক্তি যোদ্ধা ও দু-জন সার্ভিং অফিসার এবং তাদের পরিবারের সদস্যরা।

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু, উপ রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রমুখ, বিজয় দিবসে যে সমস্ত বীর সেনানী তাদের বীরত্ব ও আত্মত্যাগের মধ্য দিয়ে ঐতিহাসিক এই বিজয় এনে দিয়েছিলেন, তাদের স্মৃতির প্রতি শন্দো জানিয়েছেন।

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোকসভায় বিকশিত ভারত - রোজগার ও আজীবিকা মিশন সুনিশ্চিতকরণ বিল, ২০২৫ পেশ করেছেন। এই বিল, ২২ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ আইন-মন্তব্যের ২০০৫-এর পরিবর্তে আনা হচ্ছে।

এই বিলটি বিকশিত ভারত ২০৪৭-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি আধুনিক বিধিবন্ধু কাঠামো তৈরি করবে, যা গ্রামীণ পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের মধ্যে কার্যক শ্রমে ইচ্ছুক যুবদের প্রত্যেককে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা দেবে। এটি মনরেগার পরিকাঠামোগত সমস্যা দূরীকরণের পাশাপাশি কর্মসংস্থান, স্বচ্ছতা, পরিকল্পনা এবং জবাবদিহিতা বৃদ্ধি করবে। উৎপাদনশীল সম্পদ সৃষ্টির পাশাপাশি আয় বৃদ্ধির মাধ্যমে এই বিল গ্রামীণ অর্থনীতিকেও শক্তিশালী করবে বলে মনে করা হচ্ছে।

কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, বিভিন্ন রাজ্য সরকার, দু-কোটির'ও বেশী অযোগ্য রেশন কার্ড, বাতিল করেছে। রাজ্যসভায় আজ প্রশ্নোত্তর পর্বে তিনি জানান, রেশন কার্ডে নাম সংযোজন অথবা বিয়োজনের দায়িত্ব, সংশ্লিষ্ট রাজ্যের। দেশে গণ সরবরাহ ব্যবস্থায় সঠিক মানুষ যাতে রেশন পান, তার জন্য রেশন কার্ডের সঙ্গে আধার সংযুক্তির কথা বলা হয়েছিল, যার ৯৯ শতাংশই সম্পন্ন হয়েছে। সুলভ মূল্যের দোকানগুলিকেও ১০০ শতাংশ ডিজিটাইজড করা হয়েছে বলে জানান তিনি।

অন্যদিকে, লোকসভায় আজ প্রশ্নোত্তর চলাকালীন গ্রামোন্যয়ন দণ্ডের প্রতিমন্ত্রী কমলেশ পাসওয়ান জানিয়েছেন, ‘প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা’য় এপর্যন্ত সাত লক্ষ ৮৬ কিলোমিটারের'ও বেশী গ্রামীণ রাস্তা তৈরী হয়েছে। এর জন্য খরচ হয়েছে ৩'লক্ষ ৪৬ হাজার কোটি টাকা। তৈরী হওয়া এইসব গ্রামীণ রাস্তার মান এবং স্থায়ীত্বের ওপর নজরদারি চালাতে ত্রিস্তরীয় মান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা তৈরী করা হয়েছে। এই রাস্তাগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সরকারের।

মুর্শিদাবাদের ধুলিয়ান পুরসভার কামাথপল্লীতে জল থেকে বিষক্রিয়ার ফলে ৩৬ জন অসুস্থ হয়ে পড়েছেন। আয়েশা বিবি নামে বছর ৫২-র এক মহিলার মৃত্যু ঘটেছে এই কারণেই ঘটেছে বলে তার পরিবারের দাবী। অসুস্থদের ভর্তি করা হয়েছে ধুলিয়ানের অনুপনগর স্বাস্থ্য কেন্দ্র ও জঙ্গিপুর মহকুমা হাসপাতালে। আয়োজন করা হয়েছে এক

মেডিক্যাল ক্যাম্পের। পুরসভার সরবরাহ করা জলের নমুনা সংগ্রহ করে পরিষ্কাগারে পাঠানো হয়েছে।

ব্যারাকপুর পুলিশ কমিশনারের গোয়েন্দা বিভাগ গতকাল রাতে জেটিয়া থানা এলাকায় ক্যাম্পা জাণ্ডলি রোডে একটি লরী থেকে নববই কেজি গাঁজা উদ্ধার করেছে। মুর্শিদাবাদের বছর ৫৫-র আবদুল আলিম এবং ভছর ৩৫-এর মহম্মদ অসীম ফারুকে গ্রেফতার করা হয়েছে। ধূতদের আজ ব্যারাকপুর আদালতে তোলা হয়েছে।

নদী ভাঙ্গন রুখতে সেচ দণ্ডর, আরও আধুনিক পদ্ধতি অবলম্বনের সিদ্ধান্ত নিয়েছে। নতুন এই পদ্ধতিতে লম্বা বাঁশের তৈরী খাঁচার মধ্যে দিয়ে ইট পাতা হবে নদীর ভাঙ্গন কৰলিত অংশে।

সেচ দণ্ডর সূত্রে জানা গেছে, প্রাথমিকভাবে দক্ষিণবঙ্গের মোট ১১টি ভাঙ্গনপ্রবণ এলাকাকে চিহ্নিত করা হয়েছে। সেইসব জায়গায় কুড়ি মিটার দীর্ঘ এমন ৯৯টি বিশেষ খাঁচা বসানো হবে।

হাওড়ার উলুবেরিয়ায় জগদীশপুর এলাকায় ইতমধ্যেই এই কাজ শুরু হয়েছে।

নামখানা থেকে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে ডুবে যাওয়া এফবি পারমিতা-১১ ট্রলারের নিখোঁজ পাঁচজন মৎস্যজীবীর এখনও সন্ধান মেলেনি। তাদের খোঁজো তল্লাশি চলেছে। ডুবে যাওয়া ট্রলারটিকেও উদ্ধারের চেষ্টা চলেছে। নিখোঁজ মৎস্যজীবীরা হলেন— মতি দাস, রাজদুল আলি শেখ, সঞ্জীব দাস, দিলীপ দাস ও রঞ্জন দাস সকলেই দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকন্দীপ এলাকার বাসিন্দা।

অন্যদিকে, ওই ট্রলার থেকে নিরাপদে উদ্ধার হওয়া ১১ জন মৎস্যজীবী আজ ভোরে নামখানা ঘাটে পৌঁছন। কাকন্দীপ মহকুমা হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর তাদের ছেড়ে দেওয়া হয়েছে।

কলকাতার মা-ফ্লাইওভারে আজ সকালে দুর্ঘটনায় এক বাইক চালক গুরুতর আহত হয়েছেন। শান্তনু দত্ত নামে ওই চালকের বাড়ি বেহালায়। পুলিশ জানিয়েছে, চার চাকার একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে বাইকে ধাক্কা দেয়। গুরুতর আহত বাইক চালককে ভর্তি করা হয়েছে এস এস কে এম হাসপাতালে। গাড়ির চালককে পুলিশ আটক করেছে। গাড়িটি ও দারূণভাবে ক্ষতিগ্রস্ত।

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের চারেরবাড়ি সংলগ্ন এলাকায় পৃথক রাজ্যের দাবিতে রেল লাইনের ধারে আজ ভোর থেকে বিক্ষোভ দেখাচ্ছে কামতাপুর স্টেট ডিমান্ড কমিটির সদস্যরা। ধূপগুড়ির আলতাগ্রাম স্টেশন সংলগ্ন রেল লাইনের ধারেও বিক্ষোভ দেখাচ্ছেন তাঁরা। কেএলওর সঙ্গে দ্রুত শান্তি চুক্তির মাধ্যমে কামতাপুর এবং বৃহৎ কোচবিহার রাজ্য পুনর্গঠন, মাতৃভাষাকে সাংবিধানিক স্বীকৃতি সহ একাধিক দাবিতে কামতাপুরী সংগঠনের সদস্যরা যৌথভাবে রেল অবরোধের ডাক দিয়েছে। ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে রেল পুলিশের এক বাহিনী।

উত্তরপ্রদেশের বেরেলির SRMS ক্রিকেট মাঠে, অনুর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা আজ উত্তরপ্রদেশের মুখোমুখি হবে। খেলা সকাল সাড়ে ৯ টায় শুরু হওয়ার কথা থাকলেও, পিচ ভিজে থাকায় টসের সময় পিছিয়ে দেওয়া হয়েছে। পিচ পরিদর্শন করে খেলার উপযুক্ত অবস্থায় এলে টসের সময় ঘোষণা করা হবে বলে জানিয়েছেন, দুই আম্পায়ার আর রাজেশ কান্নন ও পরাশর ঘষী এবং ম্যাচ রেফারি প্রকাশ জে ভাট।
